দৈনিক সংবাদ

তারিখ 12 MAR 1990

পৃষ্ঠা ৪ কলাম ২

33

১৪

## শিক্ষা মন্ত্রণালয়ের কেন এ বৈষম্য

বিগত ১০-২-৯০ইং তারিখের "দৈনিক সংবাদ"-এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর, ঢাকা-এর মাননীয় মহা-পরিচালক স্মারক নং-২৬৬৩ সম, তারিখ ৪-২-৯০ইং এ এক বিজ্ঞপ্তি মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে সরকারী উচ্চ বিদ্যালয়গুলোতে নিয়োগের উদ্দেশ্যে সহকারী শিক্ষকদের একটি প্যানেল তৈরীর জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিতে বিষয়ভিত্তিক শিক্ষক (ক্লাসিক্যাল) দের শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করা হয়েছে, আরবী/সংস্কৃত/ইসলামিক ষ্টাডিজে মাষ্টার ডিগ্রী (২য় শ্রেণী) অথবা কামিল ডিগ্রী কমপক্ষে ২য় শ্রেণী। বেতনক্রম-১৩৫০-২৭৫০/- টাকা। কিন্তু, কাব্যতীর্থ শিক্ষকদের কোন সুযোগ দেয়া হয়নি।

উল্লেখ্য, কামিল বাংলাদেশ মাদ্রাসা বোর্ড ঢাকা কর্তৃক নিয়ন্ত্রিত সর্বোচ্চ ডিগ্রী। কাব্যতীর্থ "বাংলাদেশ সংস্কৃত ও পালি শিক্ষা বোর্ড," ঢাকা কর্তৃক নিয়ন্ত্রিত সর্বোচ্চ ডিগ্রী। অথচ সমমানসম্পন্ন কাব্যতীর্থদের কোন সুযোগ দেয়া হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ে বৈষম্য নিরসনের জন্যে মহামান্য রাষ্ট্রপতির সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

নিরঞ্জন মজুমদার,
সহকারী শিক্ষক,
চরবাটা উচ্চ বিদ্যালয়,
নোয়াখালী।